



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.২৯২

তারিখ: ১৩ আষাঢ়.১৪২৭

২৭ জুন ২০২০

প্রাপক:

- ১) প্রধান মিলার,, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা,
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

**বিষয়:** ভি-ইনভয়েসসূত্রে খাদ্যশস্য প্রেরণ, প্রেরিত খাদ্যশস্য সরকারি মজুতে যথাযথভাবে গ্রহণ, প্রতিস্বাক্ষরিত ইনভয়েসসমূহ যথাসময়ে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট প্রেরণ এবং দ্রুত পরিবহণ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ।

**সূত্র:** ০১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ১৫/০৫/১৯৯৭ খ্রি. তারিখের ৪২২(৫৫০) নং স্মারক; ০২। খাদ্য মন্ত্রণালয়ের ০৯/০১/২০২০ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০২৪.২৭.০০১.১৭-০৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভি-ইনভয়েসসূত্রে খাদ্যশস্য প্রেরণ, প্রেরিত খাদ্যশস্য সরকারি মজুতে যথাযথভাবে গ্রহণ এবং পরিবহণ বিল পরিশোধের স্বার্থে প্রতিস্বাক্ষরিত ইনভয়েসসমূহ যথাসময়ে ডিডিও এর নিকট প্রেরণ করার জন্য সূত্রস্থ স্মারকে পত্র জারি করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না। ফলে প্রতিস্বাক্ষরিত ইনভয়েস প্রেরণে দীর্ঘ বিলম্বের কারণে ঠিকাদারগণের পরিবহণ বিল দাখিলে বিলম্ব ঘটছে। যুক্তিসংগত কারণ ছাড়া প্রতিস্বাক্ষরিত ইনভয়েস প্রেরণে বিলম্বের ফলে খাদ্য পরিবহণ ঠিকাদারদের বিল পরিশোধ প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে, ফলে একদিকে ঠিকাদারগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন অন্যদিকে বিল প্রাপ্তির বিলম্বের কারণে খাদ্যশস্য পরিবহণ কার্যক্রমও বিলম্বিত হচ্ছে, যা মোটেও কাম্য নয়। এপ্রেক্ষাপটে ঠিকাদারগণের খাদ্যশস্য পরিবহণ বিল যথাসময়ে পরিশোধের লক্ষ্যে প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিল পরিশোধ কার্যক্রমে পদ্ধতিগত সংস্কার আনতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত কার্যদিবসের মধ্যে ইনভয়েস স্বাক্ষর, প্রতিস্বাক্ষর, প্রতিস্বাক্ষরিত ইনভয়েসসমূহ যথাসময়ে ডিডিও এর নিকট প্রেরণ এবং দ্রুত পরিবহণ বিল পরিশোধের স্বার্থে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

ক্রঃনং	বিষয়	সম্পাদনকারী কর্মকর্তা	নির্ধারিত কার্যদিবস	প্রয়োজনীয় কার্যক্রম
০১	ইনভয়েসের ১ম, ২য় ও ৩য় কপি	প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তা	পণ্য প্রেরণের দিন	ইনভয়েসের "ক" অংশ পূরণপূর্বক পরিবাহক/ঠিকাদারের মাধ্যমে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ।
	ইনভয়েসের ৪র্থ কপি			রেজিস্টার্ড ডাকযোগে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ।
	ইনভয়েসের ৫ম কপি			ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কপি হিসেবে সংরক্ষণ।


০২	ইনভয়েসের ১ম, ২য়, ৩য় কপি স্বাক্ষর (প্রাপ্ত খাদ্যশস্য যাচাই সাপেক্ষে)	প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তা	পণ্য প্রাপ্তির দিবস	মালামালের প্রাপ্তি স্বীকারপূর্বক ১ম, ২য় ও ৩য় কপি ইনভয়েসের "খ" অংশ পূরণ করে ১ম কপি সাথে সাথে পরিবাহককে ফেরত প্রদান। সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক বিল তৈরির জন্য উক্ত ইনভয়েস গ্রহণ।
০৩	ইনভয়েসের ২য় কপি স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর		পণ্য প্রাপ্তির সপ্তাহ	২য় কপি ইনভয়েস প্রাপকের উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তার প্রতিস্বাক্ষরসহ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট সাপ্তাহিক প্রাপ্তি বিবরণীর (সপব) সাথে প্রেরণ।
০৪	ইনভয়েসের ৩য় কপি স্বাক্ষর			৩য় কপি ইনভয়েস প্রাপক কেন্দ্রের অফিস কপি হিসেবে সংরক্ষণ।
০৫	ইনভয়েসের ৪র্থ কপি স্বাক্ষর ও প্রতিস্বাক্ষর	প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রাপকের উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তা	৪র্থ কপি প্রাপ্তি সপ্তাহ	প্রাপক ভাকক কর্তৃক ৩য় কপির সাথে ৪র্থ কপি মিলিয়ে "খ" অংশ পূরণ করে প্রতিস্বাক্ষরের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উপস্থাপন।
				উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ৪র্থ কপি ইনভয়েসে প্রাপ্ত পণ্য বাস্তবে গৃহীত হয়েছে এবং প্রাপ্তি রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কী না তা নিশ্চিত হয়ে, এলইউএ যাচাই করে গুদাম লেজারের (গল) সংশ্লিষ্ট এন্ট্রির শেষ কলামে তারিখসহ স্বাক্ষর এবং প্রতিস্বাক্ষরকরণ।
				উভয় কর্তৃক প্রতিস্বাক্ষরিত ৪র্থ কপি ইনভয়েস নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রতিস্বাক্ষরের জন্য প্রেরণ।
০৬	প্রতিস্বাক্ষরিত ৪র্থ কপি ইনভয়েস প্রাপ্তি পরবর্তী কার্যক্রম	প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রক/নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট কর্মকর্তা/মজুত শাখা সংশ্লিষ্ট	৪র্থ কপি প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে	৪র্থ কপি পাওয়ার পর ২য় কপির সাথে মিলিয়ে সঠিক বলে নিশ্চিত হয়ে প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ২য় কপি এবং ৪র্থ কপি প্রেরণ কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ডাকযোগে প্রেরণ। কোন অবস্থাতেই এই দুই কপি পরিবাহক/ঠিকাদারের নিকট দেওয়া যাবেনা।
০৭	প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট হতে ডাকযোগে প্রাপ্ত প্রতিস্বাক্ষরিত ইনভয়েসের ২য় কপি/ ঠিকাদারের দাখিলকৃত বিল প্রেরণ	প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্ট কর্মকর্তা	প্রাপ্তি দিবসে	৫ম কপি ইনভয়েস/অফিস কপির সাথে প্রাপ্ত প্রাপককেন্দ্রের প্রতিস্বাক্ষরিত ২য় কপি ইনভয়েস মিলিয়ে সংরক্ষণ করবেন।
				পরিবহণকারীর নিকট হতে প্রাপ্ত ১ম কপি ইনভয়েসসহ বিলটির যথাযথতা নিশ্চিত হয়ে ঐ দিনই জেলা খাদ্য নিয়ন্ত্রক/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট বিলটি প্রেরণ।
০৮	প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তা হতে প্রাপ্ত প্রতিস্বাক্ষরিত ৪র্থ কপি ইনভয়েস	প্রেরণ কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তা	এক কার্যদিবস	সাপ্তাহিক ইনভয়েস বিবরণীর সাথে প্রেরকের পাঠানো বিল ও সংযুক্ত ১ম কপি ইনভয়েস মিলিয়ে দেখে সঠিকভাবে বিবেচিত হলে ঠিকাদারের বিল পরিশোধের সুপারিশসহ সংশ্লিষ্ট ডিডিও'র নিকট প্রেরণ।

০৯	সকল শ্রেণির পরিবহণ ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল অগ্রায়ন	সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট কর্মকর্তার কার্যালয়	এক কার্যদিবস	প্রাপক কেন্দ্র হতে প্রতিস্বাক্ষরিত ২য়/৪র্থ কপি ইনভয়েস প্রাপ্তি সাপেক্ষে এক কার্যদিবসের মধ্যে বিল অগ্রগামীর ব্যবস্থা গ্রহণ।
১০	সকল শ্রেণির ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল পরিশোধ	সংশ্লিষ্ট আহরণ ও ব্যয়ন কর্মকর্তা	বিল দাখিলের ৩ কার্যদিবস	বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রচলিত বিধিমোতাবেক বিল যাচাইপূর্বক ৩ কার্যদিবসের মধ্যে পরিবহণ ঠিকাদারের বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ।

বর্ণিতাবস্থায়, ভি- ইনভয়েসে পণ্য প্রেরণ ও পণ্য প্রাপ্তির উপরোক্ত ধাপসমূহে বর্ণিত সরকারি নির্দেশনা অনুসরণ করে যথাসময়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক ইনভয়েস স্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক পরবর্তী কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক অভ্যন্তরীণ সড়ক/নৌ পরিবহণ ঠিকাদারদের বিল ২ সপ্তাহ, বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের বিল ৩ সপ্তাহ, পিএমসি/আঞ্চলিক নৌপরিবহণ ঠিকাদারদের বিল ৪/৫ সপ্তাহ, কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের বিল ৪ সপ্তাহ, রেল ঠিকাদারদের বিল ৪/৫ সপ্তাহের মধ্যে পরিশোধের জন্য সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। ভি-ইনভয়েস স্বাক্ষর-প্রতিস্বাক্ষরপূর্বক সময়মত যথাস্থানে প্রেরণ এবং ঠিকাদারের পরিবহণ বিল পরিশোধে অহেতুক বিলম্ব বা হয়রানি প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

...



২৭-৬-২০২০

সারোয়ার মাহমুদ  
মহাপরিচালক


নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.২৯২/১(৬)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৭  
২৭ জুন ২০২০

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয় - সদয় অবগতির জন্য
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) সকল পরিচালক
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর- ওয়েবসাইটে প্রচারের জন্য
- ৫) ব্যবস্থাপক(ভারপ্রাপ্ত), সিএসডি(সকল)
- ৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)....., ....., .....,

...



২৭-৬-২০২০

সারোয়ার মাহমুদ  
মহাপরিচালক